রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, অক্টোবর ৮, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরি বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৮ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/০৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০১.১৮-৪৪৪**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক "গার্মেন্টস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০১৮ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "গার্মেন্টস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**সৈয়দ আমিনুল ইসলাম**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরি বোর্ড, ঢাকা।



**মূল্য :** টাকা ১৬.০০

## “গার্মেন্টস” শিল্প
## খসড়া সুপারিশ-২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নম্বর ৪০.০০.০০০০.০১৬.০৩২.০১৩.১৬-০৯, তারিখ : ১৮-০২-২০১৮ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরি বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ৩১-০১-২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নং ৪৫-আইন/২০১৮, তারিখ

২৯-০১-২০১৮) নিম্নতম মজুরি বোর্ডে “গার্মেন্টস” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরি বোর্ড “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরি বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নং ৪০.০০.০০০০.০১৬.০৩২.০০১-৪৯, তারিখ : ১৪-০৮-২০১৮ খ্রিস্টাব্দ মূলে “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের সময়সীমা ০২ (দুই) মাস বৃদ্ধি করা হয়। বোর্ড সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের বোর্ডে দাখিলকৃত মজুরি প্রস্তাব এবং গবেষণাধর্মী প্রতিষ্ঠান সিপিডি ও বিভিন্ন শ্রমিক সংগঠনের পক্ষ হতে দাখিলকৃত স্মারকলিপি/মজুরি প্রস্তাবসহ শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করেন। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরি বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল :

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “গার্মেন্টস” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব থেকে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে। সুপারিশে উল্লিখিত পদসমূহ নারী ও পুরুষ শ্রমিক সকলের জন্য প্রযোজ্য হইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি সংশ্লিষ্ট শ্রমিককগণের মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি সোয়েটারসহ অন্যান্য "গার্মেন্টস" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণকে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ, অব্যাহত থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করে ০১ (এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। সোয়েটারসহ অন্যান, "গার্মেন্টস" শিল্প সেক্টরে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বাৎসরিক ভিত্তিতে মূল মজুরির ৫% হারে মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।

**ব্যাখ্যা :** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৪১০০/- (চার হাজার একশত) টাকা হয়; তবে একবছর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৪৩০৫/- (চার হাজার তিনশত পাঁচ) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বছরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৪৩০৫/- (চার হাজার তিনশত পাঁচ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৪৫২০.২৫ (চার হাজার পাঁচশত বিশ টাকা পঁচিশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। শ্রমিকগণের কর্মঘন্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী নির্ধারিত হইবে।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন/বিধি এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

**তপশিল "ক"**

**শ্রমিক মজুরি**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-১ :**<br>১। প্যাটার্ন মাস্টার<br>২। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>৩। চীফ কাটিং মাস্টার/ কাটিং চীফ<br>৪। চীফ মেকানিক | ১০৪৩৬/- | ৫২১৮/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৭৫০৪/- |
| **গ্রেড-২ :**<br>১। মেকানিক/ইলেকট্রিশিয়ান<br>২। কাটিং মাস্টার | ৮৫১৪/- | ৪২৫৭/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৪৬২১/- |
| **গ্রেড-৩ :**<br>১। সিনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সিনিয়র কাটার<br>৩। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/সিনিয়র কোয়ালিটি অডিটর<br>৪। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইং ম্যান<br>৫। সিনিয়র স্ক্রিন এক্সপোজার<br>৬। সিনিয়র আয়রণম্যান<br>৭। সিনিয়র স্যাম্পলম্যান/স্যাম্পল মেশিনিস্ট<br>৮। জুনিয়র মেকানিক<br>৯। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>১০। সিনিয়র লাইন লিডার | ৫১৫২/- | ২৫৭৬/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৫৭৮/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৪ :</u><br>১। অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। কাটারম্যান/নিডলম্যান/ সিজারম্যান<br>৩। কোয়ালিটি ইন্সপেক্টর/ কোয়ালিটি অডিটর<br>৪। মার্কার/ড্রইংম্যান<br>৫। ইস্যুম্যান/ইনপুটম্যান<br>৬। বান্ডলিং ম্যান/নাম্বারিং ম্যান<br>৭। অটো স্প্রেডার/লে-ম্যান<br>৮। পলিম্যান/প্যাকিং ম্যান/ ফোল্ডিং ম্যান<br>৯। ট্যাগম্যান/স্পটম্যান/ রিসিভম্যান<br>১০। প্রিন্টার/পেইন্টার/ ড্রায়ারম্যান<br>১১। স্ক্রিন এক্সপোজার<br>১২। আয়রণম্যান/প্রেসিংম্যান<br>১৩। ওয়েল্ডার/ফিটার/প্লাম্বার<br>১৪। স্যাম্পলম্যান<br>১৫। ডিস্ট্রিবিউটর<br>১৬। সাধারণ মেকানিক<br>১৭। সাধারণ ইলেকট্রিশিয়ান<br>১৮। লাইন লিডার। | ৪৯৩০/- | ২৪৬৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯২৪৫/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৫ :<br>১। জুনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জুনিয়র কাটারম্যান/ জুনিয়র নিডলম্যান/ জুনিয়র সিজারম্যান<br>৩। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/জুনিয়র কোয়ালিটি অডিটর<br>৪। জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইংম্যান<br>৫। জুনিয়র ইস্যুম্যান/জুনিয়র ইনপুটম্যান<br>৬। জুনিয়র বান্ডলিং ম্যান/ জুনিয়র নাম্বারিং ম্যান<br>৭। জুনিয়র অটো স্প্রেডার/ জুনিয়র লে-ম্যান<br>৮। জুনিয়র পলিম্যান/জুনিয়র প্যাকিং ম্যান/জুনিয়র ফোল্ডিং ম্যান<br>৯। জুনিয়র ট্যাগম্যান/জুনিয়র স্পটম্যান/জুনিয়র রিসিভম্যান<br>১০। জুনিয়র প্রিন্টার/জুনিয়র পেইন্টার/জুনিয়র ড্রায়ারম্যান<br>১১। জুনিয়র স্ক্রিন এক্সপোজার<br>১২। জুনিয়র আয়রণম্যান/ জুনিয়র প্রেসিংম্যান<br>১৩। জুনিয়র ওয়েল্ডার/জুনিয়র ফিটার/জুনিয়র প্লাম্বার<br>১৪। জুনিয়র স্যাম্পলম্যান<br>১৫। জুনিয়র ডিস্ট্রিবিউটর<br>১৬। সহকারী মেকানিক<br>১৭। সহকারী ইলেকট্রিশিয়ান | ৪৬৭০/- | ২৩৩৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৮৫৫/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৬ :</u><br>১। সাধারণ অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সাধারণ কাটারম্যান/সাধারণ নিডলম্যান/সাধারণ সিজারম্যান<br>৩। সাধারণ কোয়ালিটি ইন্সপেক্টর/সাধারণ কোয়ালিটি অডিটর<br>৪। সাধারণ মার্কার/সাধারণ ড্রইংম্যান<br>৫। সাধারণ ইস্যুম্যান/সাধারণ ইনপুটম্যান<br>৬। সাধারণ বান্ডলিং ম্যান/ সাধারণ নাম্বারিং ম্যান<br>৭। সাধারণ অটো স্প্রেডার/ সাধারণ লে-ম্যান<br>৮। সাধারণ পলিম্যান/ সাধারণ প্যাকিং ম্যান/ সাধারণ ফোল্ডিং ম্যান<br>৯। সাধারণ ট্যাগম্যান/ সাধারণ স্পটম্যান/ সাধারণ রিসিভম্যান<br>১০। সাধারণ প্রিন্টার/ সাধারণ পেইন্টার/সাধারণ ড্রায়ারম্যান<br>১১। সাধারণ স্ক্রিন এক্সপোজার<br>১২। সাধারণ আয়রণম্যান/ সাধারণ প্রেসিংম্যান<br>১৩। সাধারণ ওয়েল্ডার/সাধারণ ফিটার/সাধারণ প্লাম্বার<br>১৪। সাধারণ স্যাম্পলম্যান<br>১৫। সাধারণ ডিস্ট্রিবিউটর | ৪৩৬৬/- | ২১৮৩/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৩৯৯/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৭ :** | ৪১০০/- | ২০৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮০০০/- |
| ১। সহকারী অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য) | | | | | | |
| ২। সহকারী কাটারম্যান/ সহকারী নিড্লম্যান/ সহকারী সিজারম্যান | | | | | | |
| ৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর/ সহকারী কোয়ালিটি অডিটর | | | | | | |
| ৪। সহকারী মার্কার/ সহকারী ড্রইং ম্যান | | | | | | |
| ৫। সহকারী ইস্যুম্যান/ সহকারী ইনপুটম্যান | | | | | | |
| ৬। সহকারী বান্ডলিং ম্যান/ সহকারী নাম্বারিং ম্যান | | | | | | |
| ৭। সহকারী অটো স্প্রেডার/ সহকারী লে-ম্যান | | | | | | |
| ৮। সহকারী পলি ম্যান/ সহকারী প্যাকিং ম্যান/ সহকারী ফোল্ডিং ম্যান | | | | | | |
| ৯। সহকারী ট্যাগম্যান/ সহকারী স্পটম্যান/ সহকারী রিসিভম্যান | | | | | | |
| ১০। সহকারী প্রিন্টার/ সহকারী পেইন্টার/ সহকারী ড্রায়ারম্যান | | | | | | |
| ১১। সহকারী স্ক্রিন এক্সপোজার | | | | | | |
| ১২। সহকারী ওয়েল্ডার/ সহকারী ফিটার/ সহকারী প্লাম্বার | | | | | | |
| ১৩। সহকারী স্যাম্পলম্যান | | | | | | |
| ১৪। সহকারী ডিস্ট্রিবিউটর | | | | | | |
| ১৫। ফিনিশিং সহকারী | | | | | | |
| ১৬। সুতা ঝাড়া সহকারী | | | | | | |

- **শিক্ষানবিশ**

(ক) শিক্ষানবিশিকাল শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৫৯৭৫/- (মূল মজুরি ২৭৫০/-, বাড়ী ভাড়া মূল মজুরির ৫০% হারে ১৩৭৫/-, চিকিৎসা ভাতা ৬০০/-, যাতায়াত ভাতা ৩৫০/- ও খাদ্য ভাতা ৯০০/-) টাকা মজুরি প্রাপ্ত হইবেন।

(খ) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।

(গ) শিক্ষানিবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তপশিল 'খ'

## কর্মচারী মজুরি

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-১ :**<br>১। স্টোর কিপার<br>২। উচ্চমান সহকারী<br>৩। সিনিয়র টেকনিশিয়ান<br>৪। সিনিয়র ফায়ারম্যান<br>৫। সিনিয়র প্রোডাকশন একাউনটেন্ট | ৮১৪৮/- | ৪০৭৪/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৪০৭২/- |
| **গ্রেড-২ :**<br>১। হিসাব সহকারী<br>২। স্টোর সহকারী<br>৩। ক্যাশিয়ার<br>৪। নার্স/মেডিক্যাল সহকারী<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। ড্রাইভার (হেভী লাইসেন্স প্রাপ্ত)<br>৭। টেকনিশিয়ান<br>৮। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী<br>৯। ফায়ারম্যান<br>১০। সিনিয়র বয়লার অপারেটর<br>১১। সিনিয়র ইটিপি অপারেটর | ৬২৯৪/- | ৩১৪৭/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১১২৯১/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১২। সিনিয়র ডব্লিউটিপি অপারেটর | | | | | | |
| ১৩। সিনিয়র জেনারেটর অপারেটর | | | | | | |
| ১৪। সিনিয়র লিফট অপারেটর | | | | | | |
| ১৫। সিনিয়র এসি অপারেটর | | | | | | |
| ১৬। প্রোডাকশন একাউনটেন্ট | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৩ :** | ৫৯৫০/- | ২৯৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১০৭৭৫/- |
| ১। ক্লার্ক/অফিস সহকারী/ক্যাশ সহকারী | | | | | | |
| ২। টেলিফোন অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর/ জুনিয়র কম্পিউটার অপারেটর | | | | | | |
| ৩। টাইম কিপার | | | | | | |
| ৪। কেয়ার টেকার | | | | | | |
| ৫। সিকিউরিটি গার্ড | | | | | | |
| ৬। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্স প্রাপ্ত) | | | | | | |
| ৭। ডেলিভারী ম্যান | | | | | | |
| ৮। কমার্শিয়াল সহকারী | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ৯। বেবী সিটার/শিশু পরিচর্যাকারী<br>১০। ফটোকপি মেশিন অপারেটর<br>১১। জুনিয়র টেকনিশিয়ান<br>১২। ইমাম<br>১৩। কুক<br>১৪। বয়লার অপারেটর/পাম্প অপারেটর<br>১৫। ইটিপি অপারেটর<br>১৬। ডব্লিউটিপি অপারেটর<br>১৭। জেনারেটর অপারেটর/ কমপ্রেসার অপারেটর<br>১৮। লিফট অপারেটর<br>১৯। এসি অপারেটর<br>২০। প্রোডাকশন রিপোর্টার | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৪ :**<br>১। মুয়াজ্জিন<br>২। পিয়ন/মেসেঞ্জার<br>৩। দারোয়ান/চেকার/ লোডার | ৪৩৪২/- | ২১৭১/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৩৬৩/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ৪। সুইপার/ক্লিনার/ কুক সহকারী<br>৫। স্টোর সহকারী/ স্টোর ম্যান<br>৬। গার্ডেনার/টি বয়/ ক্যান্টিন বয়<br>৭। আয়া/বুয়া<br>৮। ড্রাইভার সহকারী<br>৯। জুনিয়র সিকিউরিটি গার্ড<br>১০। সহকারী বয়লার অপারেটর/ সহকারী পাম্প অপারেটর<br>১১। সহকারী ইটিপি অপারেটর<br>১২। সহকারী ডব্লিউটিপি অপারেটর<br>১৩। সহকারী জেনারেটর অপারেটর/সহকারী কমপ্রেসার অপারেটর<br>১৪। সহকারী লিফট অপারেটর<br>১৫। সহকারী এসি অপারেটর<br>১৬। সহকারী প্রোডাকশন রিপোর্টার | ৪৩৪২/- | ২১৭১/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৩৬৩/- |

- **শিক্ষানবিশ**

(ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬১৬৪/- (মূল মজুরি ২৮৭৬/-, বাড়ী ভাড়া মূল মজুরির ৫০% হারে ১৪৩৮/-, চিকিৎসা ভাতা ৬০০/-, যাতায়াত ভাতা ৩৫০/- ও খাদ্য ভাতা ৯০০/-) টাকা মজুরি প্রাপ্ত হইবেন।

(খ) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস।

(গ) শিক্ষানিবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd